

জনতা ব্যাংক লিমিটেড

প্রকিউরমেন্ট ডিপার্টমেন্ট

প্রধান কার্যালয়

৪৮, মতিঝিল বা/এ

ঢাকা -১০০০।

সাধারণ ও সিকিউরিটি মুদ্রণকারী প্রতিষ্ঠান তালিকাভুক্তির বিজ্ঞপ্তি

অত্র ব্যাংকের যাবতীয় সাধারণ ও সিকিউরিটি স্টেশনারী দ্রব্যাদি মুদ্রণের জন্য আগামী ২(দুই) বৎসর মেয়াদে মুদ্রাকর প্রতিষ্ঠান তালিকাভুক্তির লক্ষ্যে অভিজ্ঞ মুদ্রণকারী প্রতিষ্ঠানসমূহের নিকট হতে ব্যাংকের নির্ধারিত ফরমে আবেদনপত্র আহবান করা যাচ্ছে। তালিকাভুক্তির আবেদন পত্রের সিডিউল নিম্নস্বাক্ষরকারীর দপ্তর হতে প্রত্যেক কার্যদিবসে অফিস চলাকালীন সময়ে নগদ ৫০০/- (পাঁচশত)টাকায় (অফেরতযোগ্য) ক্রয় করা যাবে। আবেদনপত্র খোলার তারিখে কোন তালিকাভুক্তির সিডিউল বিক্রয় করা হবে না। যথাযথভাবে পূরণকৃত আবেদনপত্র আগামী ২৫/০৭/২০১৭ তারিখ বেলা ২.১৫ ঘটিকার মধ্যে প্রকিউরমেন্ট ডিপার্টমেন্ট, জনতা ব্যাংক লিমিটেড, প্রধান কার্যালয়, ৪৮, মতিঝিল, বা/এ, (৫ম তলা) ঢাকা-১০০০ এ রক্ষিত দরপত্র বাঞ্ছ জমা দিতে হবে এবং ঐ দিন বেলা ২.৩০ ঘটিকায় উপস্থিত প্রতিনিধিদের সম্মুখে (যদি কেহ উপস্থিত থাকেন) আবেদনপত্রসমূহ খোলা হবে।

তালিকাভুক্তির জন্য মনোনীত সাধারণ মুদ্রাকর প্রতিষ্ঠানসমূহের ক্ষেত্রে ৩০,০০০/- (ত্রিশ হাজার) টাকা এবং সিকিউরিটি মুদ্রাকর প্রতিষ্ঠান সমূহের ক্ষেত্রে ৩৫,০০০/- (পঁয়ত্রিশ হাজার) টাকার সিকিউরিটি মানি জমা দিতে হবে।

অত্রই মুদ্রণকারী প্রতিষ্ঠানকে তালিকাভুক্তির জন্য প্রতিষ্ঠানের মালিকের/প্রধান নির্বাহীর সম্প্রতি তোলা ১ কপি পাসপোর্ট সাইজের ছবিসহ নিম্নবর্ণিত কাগজপত্রাদির সত্যায়িত অনুলিপি আবেদনপত্রের সাথে অবশ্যই দাখিল করতে হবে :

১. হালনাগাদ (২০১৬-২০১৭) ট্রেড লাইসেন্স।
২. প্রেস ডিক্লারেশন সার্টিফিকেট।
৩. অংশীদারী কারবারের ক্ষেত্রে অংশীদারী দলিল।
৪. যে কোন বাণিজ্যিক ব্যাংক/প্রতিষ্ঠানে মুদ্রণ কাজে ন্যূনতম ৫ (পাঁচ) বৎসরের অভিজ্ঞতার সনদপত্র।
৫. ব্যাংক প্রদত্ত আর্থিক স্বচ্ছলতার সনদপত্র।
৬. হালনাগাদ আয়কর পরিশোধের সনদপত্র।
৭. ভ্যাট নিবন্ধনপত্র।
৮. চলতি বৎসরের মুদ্রণ শিল্প সমিতি/বাংলাদেশ চেম্বার অব কমার্স এন্ড ইন্ডাস্ট্রি এর সদস্য পদের সনদপত্র।

ব্যাংক কর্তৃপক্ষ কোন কারণ দর্শানো ব্যতিরেকে যে কোন বা সকল আবেদনপত্র বাতিল করার ক্ষমতা সংরক্ষণ করেন।

(মোঃ মহসীন আলী সরকার)

উপ-মহাব্যবস্থাপক